east end HOMES

অসামাজিক আচরণ

অসামাজিক আচরণ প্রতিরোধের জন্য একত্রে কাজ করা

east end HOMES

অসামাজিক আচরণ

আমরা একটি নিরাপদ এবং সুরক্ষিত পরিবেশ গড়ে তোলার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যাতে বাসিন্দারা তাদের নিজেদের কমিউনিটির ভেতরে শান্তিপূর্ণভাবে বসবাস করতে পারেন। আমরা চাই এস্টেটের সবাই যেন তাদের জীবন উপভোগ করতে, কাজ করতে ও এখানে যারা বেড়াতে আসবেন তারা যেন নিজেদের নিরাপদ ও আত্মবিশ্বাসী ভাবতে পারেন। আমরা অসামাজিক আচরণের পরিমাণ হ্রাস করার জন্য কঠোর পরিশ্রম করে যাচ্ছি কিন্তু আমরা এটাও জানি যে সামনে অনেক কাজ পড়ে আছে।

রেসপেক্ট স্ট্যান্ডার্ড ফর হাউজিং ম্যানেজমেন্টের (Respect Standards for Housing Management) জন্য আমরা বাসিন্দাদের কাছে একটি প্রতিশ্রুতি করেছি, এর মাধ্যমে আমরা অসামাজিক কর্মকান্ড প্রতিরোধ ও পরস্পরকে সন্মান ও শ্রদ্ধা প্রদর্শনের সংস্কৃতি চালু করার ব্যাপারে আমাদের আগ্রহ প্রকাশ করেছি। এই লক্ষ্য হাসিলের জন্য আমরা কাউন্সিল, অন্যান্য আরএসএল, পুলিশ এবং সবচেয়ে বড় কথা হল আঞ্চলিক বাসিন্দাদের সাথে ঘনিষ্টভাবে কাজ করছি। আমরা বিশ্বাস করি যে একত্রে কাজ করার মাধ্যমে আমরা আমাদের এস্টেটের যে অসামাজিক আচরণ সংক্রান্ত সমস্যা আছে সেটি মোকাবেলা করতে পারব।

অসামাজিক আচরণ কি?

অসাসাজিক আচরণ/এএসবি (ASB) এমন একটি টার্ম বা শব্দমালা যার ভেতরে মারাত্মক সহিংসতা এবং হয়রানি থেকে শুরু করে নিত্যদিনের ঘটনাবলী অর্ন্তভূক্ত আছে, যেমন;

- হয়রানি এবং ভয়ভীতি প্রদর্শনমূলক আচরণ
- ঘৃনা প্রদর্শনমূলক অপরাধ, যেমন বর্ণবাদী অথবা হোমোফোবিক নির্যাতন
- যারা মাদকদ্রব্য নিয়ে কারবার করে অথবা ব্যবহার করেন তাদের নিয়ে সমস্যা
- মাতাল অথবা উশৃঙ্খল লোকদের নিয়ে সমস্যা
- ভাংচুর, দেয়াল লিখন এবং ইচ্ছাকৃতভাবে ঘরবাড়ীর ক্ষতিসাধন করা
- যত্রতত্র আবর্জনা ফেলা, ব্যালকনির উপর দিয়ে আবর্জনা বাইরে ছুড়ে ফেলা, কুকুরের বিষ্ঠা, নিয়ন্ত্রণহীন পোষা প্রাণী, গাড়ী মেরামত, বিপদজনকভাবে পার্কিং ও পরিত্যাক্ত গাড়ী।

আমি কিভাবে অসামাজিক আচরণ সম্বন্ধে অভিযোগ জানাতে পারব?

এএসবি (ASB)/অসাসাজিক আচরণ সম্বন্ধে অভিযোগ জানানো যথাসম্ভব সহজ করে তোলার জন্য আমরা বেশকিছু উপায় চালু করেছি। আপনি নিজে এসে, টেলিফোন, ফ্যাক্স অথবা চিঠির মাধ্যমে আপনার হাউজিং সেন্টারের সাথে যোগাযোগ করতে পারেন। আপনার হাউজিং অফিসার আপনার সমস্যার বিস্তারিত বিবরণ শুনবেন এবং পূর্ণাঙ্গ তদন্তের দায়িত্ব পালন করবেন। পেছনের পৃষ্ঠাতে আপনি হাউজিং সেন্টারের সাথে যোগাযোগের বিস্তারিত বিবরণ জানতে পারবেন। আপনি নিচের উপায়ে এএসবি (ASB) সম্বন্ধে অভিযোগ করতে পারবেন:

- ইস্টএন্ডহোমসের এই ইমেইল ঠিকানায় মেইল করার মাধ্যমে: **asb@eastendhomes.net**
- কাউন্সিলের ২৪ ঘন্টা চালু ফ্রীফোন এএসবি রিপোর্টিং লাইনে (ASB) ফোন করার মাধ্যমে: **0800 917 5918**
- আপনার পুলিশ স্টেশানের সাথে যোগাযোগ করতে পারেন। আপনি যদি কোন আপরাধ কর্মকান্ড ঘটতে দেখেন অথবা আপনি নিজে যদি বিপদে পড়েন তাহলে 999 নাম্বারে ফোন করুন। আদালতের মাধ্যমে অপরাধীর বিচারের জন্য আমরা পুলিশের সাথে কাজ করব।

কি পদক্ষেপ নেয়া হতে পারে?

আমাদের লক্ষ্য হল সমস্যা যেন বাড়তে না পারে সেজন্য আগেভাগেই পদক্ষেপ নেয়া। এজন্য বেশকিছু পদক্ষেপ আছে এবং আমরা এর ভেতর থেকে যেটি সবচেয়ে কার্যকারী সেটি বেছে নিব।

চিঠির মাধ্যমে সতর্ক করে দেয়া

চিঠির মাধ্যমে পরিস্কার করে উল্লেখ করা যে আচরণ বন্ধ করতে হবে নতুবা ভবিষ্যতে কঠোর পদক্ষেপ নেয়া হবে।

নিরপেক্ষ সমঝোতা

সংশ্লিষ্ট পক্ষগুলির কথা শোনা ও কথা বলার মাধ্যমে নিরপেক্ষ সমঝোতা সেবা সমস্যার প্রাথমিক পর্যায়ে এই সমস্যা বেড়ে অসামাজিক আচরণে পরিণত হওয়ার আগেই দুটি পক্ষকে একত্রে এনে ঝামেলা মিটিয়ে ফেলতে পারে।

এ্যাক্সেপ্টেবল বিহেভিয়র কন্ট্রাক্টস্ (ABCs)

এটি একটি ঐচ্ছিক চুক্তি যার মাধ্যমে অপরাধী তাদের আচরণ পরিবর্তনের জন্য হলফনামায় সাক্ষর করেন। যেখানে এবিসি (ABC) এর সাথে কোন শিশু-কিশোর জড়িত সেখানে আমরা তাদের আচরণের উন্নয়নের জন্য ইয়ুথ অফেন্ডিং টিমের (Youth Offending Team) থেকে সহায়তা পাব। মাবাবাকে একটি প্যারেন্টিং এগ্রিমেন্টে (Parenting Agreement) সাক্ষর করার জন্য বলা হতে পারে।

এএসবি ইনজাংশান (ASB Injunction)

এটি আদালতের একটি আদেশ যার মাধ্যমে একজন ব্যক্তিকে এএসবি (ABC)/অসামাজিক আচরণ চালিয়ে যেতে বাধা দেয়।

এ্যান্টি-সোশ্যাল বিহেভিয়র অর্ডার (Anti-Social Behaviour Order)

এটি আদালতের একটি আদেশ যার মাধ্যমে একজন ব্যক্তিকে বিভিন্ন ধরনের অসামাজিক আচরণ করতে বাধা দেয়া হয়।

বাড়ীর থেকে উচ্ছেদ এবং অবনয়ন আদেশ (Possession Proceedings and Demotion Orders)

যদি কোন টেন্যান্ট মারাত্মক ধরনের অসামাজিক আচরণ করে থাকেন তাহলে একজন তাকে বাড়ী থেকে উচ্ছেদ করা হতে পারে। ডিমোশান অর্ডার হল আদালতের একটি আদেশ যার মাধ্যমে কোন টেন্যান্সির নিরাপত্তা হ্রাস করা হতে পারে সুতরাং এর মাধ্যমে কোন ব্যক্তি যদি অসামাজিক আচরণ চালিয়ে যেতে থাকেন তাহলে তাকে বাড়ী তেকে উচ্ছেদ করা সহজতর হয়।

যেখানে আইন প্রয়োগ করা উচিত সেখানে আমরা যথাসম্ভভ দ্রুত সেটি করার চেষ্টা করব।

অসামাজিক আচরণ

আমি একবার অভিযোগ করার পরে কি হবে?

যেখানে আমরা অসামাজিক আচরণ (ASB) ঘটেছে বলে জানতে পারব সেখানে আমরা বিষয়গুলি দ্রুত ও স্পর্শকাতর বিবেচনা করে পদক্ষেপ নিব। ১ কর্ম দিবসের ভেতরে একটি প্রাপ্তিস্বীকারপত্র পাঠানো হবে। আমরা আপনার সাথে একটি সাক্ষাতের আয়োজন করব এবং ২ দিনের ভিতরে আপনার থেকে একটি বিবৃতি নিব। সাক্ষাৎকার নেয়ার ৩ দিনের ভিতরে আমরা অভিযুক্ত অপরাধীর কাছে একটি চিঠি পাঠাবো এবং ১০ দিনের ভিতরে আমরা তার সাথে একটি সাক্ষাৎকারের আয়োজন করব।

সাক্ষী, গোপন নজরদারী অথবা সিসিটিভির থেকে অতিরিক্ত কিছু সাক্ষ্য জোগাড় করার দরকার হতে পারে। পরিস্থিতির উপরে নির্ভর করে গৃহীত যথাযথ পদক্ষেপ ভিন্ন হতে পারে এবং পুলিশ, অন্যান্য আরএসএল, কাউন্সিল ও অভিজ্ঞ অন্যান্য এজেন্সির সাথে এই অভিযোগ আদানপ্রদান করার দরকার হতে পারে। এবং সাক্ষাৎকার গ্রহনের ৩ দিনের ভিতরে কিন্তু আমরা আপনাকে এবং অভিযুক্ত অপরাধীর কাছে চিঠি লিখে জানাবো।

অগ্রগতি নিয়মিতভাবে পর্যালোচনা করা হবে এবং আপনাকে অবগত রাখা হবে। যদি অপর্যাপ্ত সাক্ষ্যপ্রমাণের অভাবে যদি কেসটি খারিজ হয়ে যায় তাহলে আপনাকে সেটি জানানো হবে।

এএসবি (ASB) সম্বন্ধে আমি নিজে কি করতে পারি?

কিছু স্বল্প মাত্রার অসামাজিক কর্মকান্ডের (ASB) ক্ষেত্রে এই সমস্যা সমাধানের জন্য সবচেয়ে তাল উপায় হল যে ব্যক্তি এই সমস্যা সৃষ্টি করছে তার সাথে সরাসরী কথা বলা।

যদি বাসিন্দাগণ এবং ইস্টএন্ডহোমস্ একত্রে ঘনিষ্টভাবে কাজ করে শুধুমাত্র তাহলে এএসবি (ASB) সমাধান করা সম্ভব হবে। উদাহরণস্বরূপ, আপনার লোকাল 'গুড নেইবারহুড এগ্রিমেন্ট' সাক্ষর করা; আপনি যদি কোন অসামাজিক কর্মকান্ড ঘটতে দেখেন অথবা নিজে এর শিকার হন তাহলে আমাদের সাথে যোগাযোগ করা; আপনি যদি কোন অপরাধ ঘটতে দেখেন তাহলে পুলিশের সাথে যোগাযোগ করা; নোংরা-আবর্জনা, যত্রতত্র ফেলে রাখা ময়লা অথবা দেয়াললিখন সম্বন্ধে আমাদের জানানো।

কোন সহযোগিতার ব্যবস্থা কি আছে?

কিছু ক্ষেত্রে আপনি উদ্বিগ্ন হতে বা ভয় পেতে পারেন কিন্তু তারপরেও আমাদের সাথে যোগাযোগ করা জরুরী। ইস্টএন্ডহোমস্ বিভিন্ন ধরনের সেবা আপনাকে দিতে পারে। প্রথমতঃ আমরা মনোযোগ দিয়ে আপনার অভিযোগ শুনবো এবং এটি অত্যন্ত গুরুত্বের সাথে নিব। অত্যন্ত সতর্কতার সাথে তথ্যগুলি বিবেচনা করা হবে এবং আপনার পরিচয় গোপন রাখা হবে। আমরা নিয়মিতভাবে যোগাযোগ বজায় রাখব এবং আপনাকে অফিসে ফোন করার জন্য একটি ডাইরেক্ট নাম্বার দিতে পারি। সবশেষে, আমরা বিভিন্ন ধরনের সহায়তামূলক

ব্যবস্থা করতে পারি যেমন, কাউন্সেলিং, ব্যক্তিগত নিরাপত্তা সামগ্রী, এ্যাডভোকেসি এবং স্পেশালিস্ট সার্ভিসের কাছে রেফারেল অর্থাৎ সুপারিশ।

আমার আনীত অভিযোগের অগ্রগতি নিয়ে যদি সন্তুষ্ট না হই তাহলে কি করতে পারি?

আপনি যদি অসামাজিক কর্মকান্ডের ব্যাপারে অভিযোগ করেন কিন্তু এর অগ্রগতি অথবা আপনি যে সাড়া পেয়েছেন সেটা নিয়ে যদি সন্তুষ্ট না হন তাহলে আপনি আপনার হাউজিং সেন্টারের হাউজিং ম্যানেজারের সাথে যোগাযোগ করতে পারেন এবং আপনার কেসটির পর্যালোচনা করার জন্য অনুরোধ করতে পারেন।

আমাদের সাথে কিভাবে যোগাযোগ করবেন

মাইল এন্ড হাউজিং সেন্টার (Mile End Housing Centre)
38 Wager Street E3 4JE
ইমেইল: mileend@eastendhomes.net
টেলি: 0208 880 7055
ফ্যাক্স: 0208 880 7810

আইল্যান্ড গার্ডেনস্ নেইবারহুড সেন্টার (Island Gardens Neighbourhood Centre)
137 Manchester Road E14 3DN
ইমেইল: islandgardens@eastendhomes.net
টেলি: 0207 538 2340
ফ্যাক্স: 0207 537 0512

সেন্ট জর্জেস্ হাউজিং সেন্টার (St Georges Housing Centre)
Shearsmith House, Hindmarsh Close E1 8HP
ইমেইল: stgeorges@eastendhomes.net
টেলি: 0207 481 4110
ফ্যাক্স: 0207 481 4082

হল্যান্ড হাউজিং সেন্টার (Holland Housing Centre)
35 Commercial Street E1 6BD
ইমেইল: holland@eastendhomes.net
টেলি: 0207 456 6700
ফ্যাক্স: 0207 456 6731

গ্ল্যামিস হাউজিং সেন্টার (Glamis Housing Centre)
Ground Floor, Roslin House, Brodlove Lane
London E1W 3EL
ইমেইল: glamis@eastendhomes.net
টেলি: 020 7791 7947

অন্যান্য গুরুত্বপূর্ণ নাম্বার

ন্যাশনাল ডোমেস্টিক ভায়োলেন্স হেল্পলাইন (National Domestic Violence HELPLINE)
0808 2000 247

আপনি যদি রেসপেক্ট স্ট্যান্ডার্ড (Respect Standard) সম্বন্ধে আরো জানতে চান তাহলে এই ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন।
respectstandard@communities.gsi.gov.uk

আপনি অন্যান্য যেসব লিফলেট পাবেন সেগুলি হচ্ছে:

- **রেন্ট বেনিফিট এবং সার্ভিস চার্জসমূহ**
- **মেরামত সেবা**
- **গ্রাহক সেবা**
- **এস্টেটের সেবাসমূহ**
- **অসামাজিক আচরন**
- **ভাড়া প্রদানের সেবা**

বিকল্প ভাষার সুযোগ - আপনার চাহিদা পূরণ করে

আপনি অনুরোধ করলে বিভিন্ন ধরনের ফরম্যাটে এই ডকুমেন্টের কপি পেতে পারেন, এর ভেতরে আছে:

- **অনুবাদ (বাংলা, সোমালী এবং অন্যান্য কমিউনিটি ভাষা)**
- **ব্রেইল**
- **বড় অক্ষর**
- **অডিও টেপ**

ভিন্ন কোন ফরম্যাটের জন্য অনুরোধ করতে চাইলে দয়া করে আপনার লোকাল হাউজিং সেন্টারে ফোন করুন।

east end HOMES

www.eastendhomes.net

এটি যে কাগজে ছাপানো হয়েছে সেটি ৫০% রিসাইকেল এবং বাকী ৫০% সামর্থ্য আছে এমন বনানী থেকে প্রাপ্ত উপকরণ থেকে তৈরী করা হয়েছে।
ASB01 Jan 08